

খেলিছে জলদেবী সুনীল সাগর জলে।
তরঙ্গ-লহর তোলে লীলায়িত কুম্ভলে ॥
জল-ছল উর্মি-নুপুর
স্রোত-নীরে বাজে সুমধুর
জল-চঞ্চল-ছল কাঁকন কেয়ুর
বিনুকের মেখলা কটিতে দোলে।
আনমনে খেলে চলে বালিকা
খুলে পরে মুকুতা মালিকা
হরষিত পারাবারে উর্মি জাগে,
লাজে চাঁদ লুকালো গগন তলে ॥